

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬২০

পর্ব-৫: জানায়া (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - মুমৰ্শু ব্যক্তির নিকট যা বলতে হয়

بَابُ مَا يُقَالُ عِنْدَ مَنْ حَضَرَهُ الْمَوْتُ

আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ تُؤْفَى سَجِيْ بِبِرْدِ حَبَرَةٍ

বাংলা

১৬২০-[৫] উম্মুল মু'মিনীন 'আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ইতিকালের পর তাঁর পুরিত্ব শরীরের উপর ইয়ামিনী চাদর দিয়ে তাকে ঢেকে রাখা হয়েছিল।" (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৮১৪, মুসলিম ৯৪২, সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৬১২, শারহস্স সুন্নাহ ১৪৬৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মৃত্যু ব্যক্তিকে গোসলের পূর্বে ঢেকে রাখা মুস্তাহাব। আর নাবাবী বলেন, এর উপর সবাই একমত হয়েছেন। আর ঢেকে রাখার হিকমাত হল উলঙ্গ করা হতে হিফায়াত করা এবং বিকৃতির দৃশ্যতাকে ঢেকে রাখা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56180>

₹ হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন